



## রামিসা হত্যা মামলায় রাষ্ট্রপক্ষের পাবলিক প্রসিকিউটর নিয়োগ



ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবীতে শিশু রামিসা হত্যা মামলার বিচার কার্যক্রম পরিচালনায় আইনজীবী আজিজুর রহমান দুলুকে বিশেষ পাবলিক প্রসিকিউটর (পিপি) হিসেবে নিয়োগ দিয়েছে আইন মন্ত্রণালয়।

শনিবার জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, ঢাকা মহানগর শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালে চলমান মামলায় রাষ্ট্রপক্ষের হয়ে দায়িত্ব পালন করবেন তিনি।

প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, ফৌজদারি কার্যবিধির ৪৯২ ধারার আওতায় নারী ও শিশু নির্যাতন দমন আইন এবং দণ্ডবিধির সংশ্লিষ্ট ধারায় দায়ের হওয়া মামলাটি পরিচালনার জন্য এই নিয়োগ দেওয়া হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তিনি দায়িত্বে থাকবেন।

গত ১৯ মে রাজধানীর মিরপুরের পল্লবীর একটি বাসা থেকে শিশু রামিসার মস্তকবিহীন মরদেহ উদ্ধার করে পুলিশ। পরে একই বাসার বাথরুম থেকে তার বিচ্ছিন্ন মাথা উদ্ধার করা হয়। ঘটনাটি দেশজুড়ে ব্যাপক আলোড়ন সৃষ্টি করে।

এ ঘটনায় দায়ের করা মামলায় প্রথমে আসামি সোহেল রানার স্ত্রী স্বপ্না আক্তারকে আটক করা হয়। পরে প্রধান আসামি সোহেল রানাকে গ্রেপ্তার করে পুলিশ। তিনি আদালতে হত্যার দায় স্বীকার করে জবানবন্দীও দিয়েছেন।